

যুগান্তর

প্রিণ্ট: ১১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:৪৬ পিএম

জাতীয়

বেতন ও গ্রেড নিয়ে প্রাথমিক শিক্ষকদের জন্য সুখবর



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১১ সেপ্টেম্বর ২০২৫, ০২:৪১ পিএম



আরও দেখুন

① Bangla news

④ ডাকসু ও হল সংসদ নির্বাচন

④ অপারেশন চক্রবাল

x

④ ইসলামি দলের শক্তি

④ ট্রাম্পের সতর্কবার্তা

④ Bangla news app

④ Online food magazine

সংগৃহীত ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ ও ১৬ বছর পুর্তিতে উচ্চতর ক্ষেল প্রদানের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে চিঠি দেওয়া হয়েছে। গত ৯ সেপ্টেম্বর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয় শাখা-২-এর যুগ্ম সচিব রেবেকা সুলতানা স্বাক্ষরিত চিঠিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ ও ১৬ বছর পুর্তিতে উচ্চতর ক্ষেল প্রদানের বিষয়ে মতামত দেওয়ার জন্য সচিব, অর্থ মন্ত্রণালয় ও অর্থ বিভাগকে অনুরোধ জানানো হয়।

এনসিটিবিতে আবারও সক্রিয় ‘সিডিকেট’

সে প্রেক্ষিতে অর্থ বিভাগ হতে মতামত পাঠানো হয়েছে। সেখানে বলা হয়, পদের মূল বেতনক্ষেল উন্নীত করা হলে, উক্ত উন্নীতকরণের তারিখ হতে ‘জাতীয় বেতনক্ষেল, ২০১৫ এর অনুচ্ছেদ-৭ অনুযায়ী’ পদোন্নতি ব্যতিরেকে একই পদে পরবর্তী ১০ বছরে উচ্চতর গ্রেড বিবেচিত হবে।

গত নভেম্বরে দেশের ৬৫ হাজারের বেশি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩ লাখ ৫৪ হাজারের বেশি শিক্ষকের বেতন ক্ষেল উন্নীত করা হয়। এছাড়াও প্রধান শিক্ষকদের ১১তম গ্রেড এবং সহকারী শিক্ষকদের ১৩তম গ্রেডের বেতন ক্ষেল নির্ধারণের সিদ্ধান্ত হয়।

এর আগে শিক্ষকদের বেতন ১৩তম গ্রেডের উচ্চ ধাপে নির্ধারণের নির্দেশনা চেয়ে গত ১৮ জুলাই অর্থ মন্ত্রণালয়ে চিঠি পাঠায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

